**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা জানিয়েছেন, আগামী আগস্ট মাস থেকে রাজ্যে ছয়টি নবনির্মিত একলব্য মডেল রেসিডেনশিয়াল বিদ্যালয়ের পঠন পাঠন শুরু হবে।**

**(২) তিন দিনের ঐতিহ্যবাহী কের পূজা গতকাল রাত ১০টায় তোপধ্বনির মাধ্যমে শুরু হয়েছে।**

**(৩) কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান আজ বলেছেন, ২০৪৭ সালের মধ্যে ভারত একটি উন্নত দেশে পরিণত হবে এবং এই লক্ষ্য অর্জনে প্রত্যেক নাগরিদের নিজ নিজ ভূমিকা পালন করতে হবে ।**

**(৪) বারাণসীতে আজ থেকে 'উন্নত ভারতের জন্য মাদকমুক্ত যুব' শীর্ষক 'যুব আধ্যাত্মিক শীর্ষ সম্মেলনে' শুরু হয়েছে।**

*********************************************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা জানিয়েছেন, আগামী আগস্ট মাস থেকে রাজ্যে ছয়টি নবনির্মিত একলব্য মডেল রেসিডেনশিয়াল বিদ্যালয়ের পঠন পাঠন শুরু হবে। আজ গন্ডাতুইসার উল্টাছড়ায় একটি একলব্য বিদ্যালয় পরিদর্শনে গিয়ে তিনি একথা জানান। তিনি বলেন একলব্য বিদ্যালয়গুলি শুধুমাত্র পাঠ্যবই নির্ভর শিক্ষা নয়, বরং জনজাতি ছাত্রছাত্রীদের মানসিকতা, চিন্তাধারা ও সমাজের প্রতি দায়িত্ববোধ গঠনে এক বিরাট ভূমিকা পালন করে। মন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন বিধায়ক নন্দিতা দেববর্মা রিয়াং, এম.ডি.সি বিদ্যুৎ চাকমা প্রমুখ।

**************************

**Ker Puja :**

তিন দিনের ঐতিহ্যবাহী কের পূজা গতকাল রাত ১০টায় তোপধ্বনির মাধ্যমে শুরু হয়েছে। আগামীকাল ভোর ৫টায় শেষ হবে এই পূজা। আগরতলার নতুন হাবেলি উজ্জয়ন্ত প্রাসাদ এলাকা ও পুরান আগরতলার চতুর্দশ দেবতা বাড়ির কিছু নির্দিষ্ট এলাকা এই পূজার চৌহদ্দি। রাজ্যবাসীর সুখ, সমৃদ্ধি ও শান্তি কামনায় রাজ পরিবার এই পূজা করে থাকে।

তিনদিনব্যাপী রাজ্যের ঐতিহ্যবাহী কের পূজা দর্শনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নতুন হাবেলি অর্থাৎ উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গনে যান ও রাজ্যবাসীর মঙ্গল কামনায় প্রার্থনা করেন। মুখ্যমন্ত্রী ছাড়াও এখানে কেরপুজা দর্শন করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় সাংসদ রাজীব ভট্টাচার্য, পশ্চিম জেলার জেলা শাসক ডা: বিশাল কুমার।

কের পূজা উপলক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ এক টুইট বার্তায় রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি সবার সুখ ও সমৃদ্ধি কামনা করেছেন। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা, সাংসদ বিপ্লব কুমার দেব ও পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

**************************

**Ek Ped Ma ke Naam :**

সাংসদ রাজীব ভট্টাচার্য এক পেড় মা কে নাম কর্মসূচির অঙ্গ হিসেবে আজ খয়েরপুর-আমতলী বাইপাস এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন। উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল প্রমুখ। সাংসদ শ্রী ভট্টাচার্য বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নাগরিকদের বৃক্ষরোপণে অনুপ্রাণিত করার জন্য এই কর্মসূচির সূচনা করেছেন। যার লক্ষ্য পরিবেশগত ভারসাম্য বজায় রেখে মায়ের প্রতি কৃতজ্ঞতার বন্ধনকে আরও দৃঢ় করা।

****************************

**Plantation :**

ঊনকোটি জেলার পেঁচারথলের মাছমারাস্থিত জহর নবোদয় বিদ্যালয় প্রাঙ্গণে আজ বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। সংশ্লিষ্ট বিদ্যালয় ও গো গ্রীণ ভলান্টিয়ার্স এর যৌথ উদ্যোগে আয়োজিত এই কর্মসূচির উদ্বোধন করেন, জেলা বন আধিকারিক কৃষ্ণগোপাল রায়। এখানে বিভিন্ন জাতের গাছের চারা রোপণ করা হয়।

****************************

**Blood Donation :**

সাংসদ রাজীব ভট্টাচার্য আজ আগরতলার স্টুডেন্ট হেলথ হোমে এক রক্তদান শিবিরের উদ্বোধন করেন। OT টেকনোলজিস্ট এ্যাসোসিয়েশন অফ ত্রিপুরা আয়োজিত এই শিবিরে ২১ জন রক্তদান করেন।

*************************

**Aparesh Kumar Singha :**

তেলেঙ্গানা হাইকোর্টের নতুন মুখ্য বিচারপতি হিসেবে অপরেশ কুমার সিংহ আজ শপথ গ্রহণ করলেন। রাজভবনে তাকে শপথ পাঠ করান রাজ্যপাল জিষ্ণু দেববর্মণ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী রেভন্ত রেড্ডি।

************************

**Talent search-Amarpur :**

চারু এডুকেশনাল ট্রাস্টের উদ্যোগে আজ অমরপুর টাউন হলে বিজ্ঞান মেধা অন্বেষণের আয়োজন করা হয়। উদ্বোধন করেন বিধায়ক রঞ্জিত দাস। উপস্থিত ছিলেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারম্যান বিকাশ সাহা, মহকুমা শাসক অনুপম চক্রবর্তী প্রমুখ। মেধা অন্বেষণ পরীক্ষায় অমরপুর মহকুমার তৃতীয় শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত ৬৭৫ জন ছাত্রছাত্রী অংশ নিয়েছে। মোট ১৪২ জনকে পুরস্কৃত করা হয়।

******************************

**ED notices to google & Meta :**

দুর্নীতি সংক্রান্ত মামলার তদন্তকারী কর্তৃপক্ষ ইডি অনলাইন বেটিং অ্যাপ মামলায় প্রযুক্তি সংস্থা গুগল এবং মেটাকে নোটিশ জারি করেছে। সংবাদ সূত্র জানিয়েছে, ইডি আগামী সোমবার দিল্লির সদর দপ্তরে হাজির হওয়ার জন্য উভয় সংস্থার প্রতিনিধিদের তলব করেছে। উল্লেখ্য, তদন্তকারী সংস্থা এই অনলাইন বেটিং অ্যাপগুলির প্রচারে ডিজিটাল প্ল্যাটফর্মগুলির ভূমিকা পরীক্ষা করছে।

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*********************************

**Dharmendra Pradhan-IIT Palakkad :**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান আজ বলেছেন, ২০৪৭ সালের মধ্যে ভারত একটি উন্নত দেশে পরিণত হবে এবং এই লক্ষ্য অর্জনে প্রত্যেক নাগরিকদের নিজ নিজ ভূমিকা পালন করতে হবে। তিনি কেরালার আইআইটি পালাক্কাড়ের ৭ম সমাবর্তন অনুষ্ঠানে বক্তব্য রাখছিলেন। পরিবহন, আবাসন, চিকিৎসা সুবিধা এবং কৃষি সহ বিভিন্ন ক্ষেত্রে বিশ্বমানের পরিকাঠামো

নির্মাণে সামনে এগিয়ে আসার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। বিশ্বব্যাপী ডিজিটাল পরিসরে ভারতের ক্রমবর্ধমান উপস্থিতির প্রসঙ্গ তুলে শ্রী প্রধান বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সারা দেশে একটি অন্তর্ভুক্তিমূলক এবং নীতিগত ডিজিটাল জন পরিকাঠামোর স্বপ্ন দেখেন। তিনি প্রযুক্তিগত স্বনির্ভরতার প্রয়োজনীয়তা এবং কৃষিতে আধুনিক প্রযুক্তি প্রয়োগেও জোর দেন। অনুষ্ঠানে মোট ৩২৮ জন শিক্ষার্থীকে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী শংসাপত্র তুলে দেন।

*****************************

**Yuva Spiritual Summit :**

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের স্বপ্ন পূরনের লক্ষ্যে যুবসমাজকে মাদক মুক্ত করার আহ্বান জানিয়েছেন। উত্তর প্রদেশের বারাণসীতে আজ কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রক আয়োজিত ‘উন্নত ভারতের জন্য মাদকমুক্ত যুব’ শীর্ষক ‘যুব আধ্যাত্মিক শীর্ষ সম্মেলনে’ উদ্বোধনী ভাষণে তিনি এই আহ্বান জানান। তিনি বলেন, ২০৪৭ সালের মধ্যে ভারতকে একটি উন্নত দেশে রূপান্তরিত করতে যুবসমাজ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, কারণ দেশের মোট জনসংখ্যার ৬৫ শতাংশই ৩৫ বছরের কম বয়সী। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, ২০২২ এর ১৫ই আগস্ট লালকেল্লা থেকে ভারতের ৭৬তম স্বাধীনতা দিবসের ভাষণে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অমৃতকালের ‘পঞ্চ প্রণ বা শপথের’-এর মাধ্যমে পরবর্তী ২৫ বছরের জন্য যে ভাবনা তুলে ধরেছিলেন, সেই লক্ষ্য অর্জনে ভারতকে মাদকমুক্ত করা গুরুত্বপূর্ণ। তিনি আরও বলেন, আমাদের তরুণ প্রজন্মকে কেবল সুবিধাভোগী হিসেবেই নয়, বরং জাতির ভবিষ্যৎ গঠনকারী হিসেবেও দেখা উচিত। তিনি ধর্মীয় ও সামাজিক প্ল্যাটফর্ম ব্যবহার করে যুবসমাজের মধ্যে আসক্তি থেকে দূরে থাকার বিষয়ে সচেতনতা ছড়িয়ে দেওয়ারও আহ্বান জানান।

#####Byte- Dr. Mansukh Mandaviya######

এই সম্মেলনে সারা দেশ থেকে ১২২টি আধ্যাত্মিক ও সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধিত্বকারী ৬০০-রও বেশি যুবা অংশ নিয়েছেন।

****************************

**Ashwini Vaishnaw :**

কেন্দ্রীয় বৈদ্যুতিন এবং তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন যে বিকশিত ভারতের লক্ষ্য অর্জনের জন্য প্রযুক্তিগত ভিত্তি দ্রুত প্রস্তুত করা হচ্ছে। আজ সকালে আইআইটি-হায়দ্রাবাদে এক সমাবর্তন অনুষ্ঠানে ভারতের প্রযুক্তি-চালিত ভবিষ্যতের কথা তুলে ধরে তিনি শিক্ষার্থীদের বিশ্বমানের প্রযুক্তি এবং পণ্য ডিজাইন করার আহ্বান জানান।

শ্রী বৈষ্ণো এ বছর ভারতের প্রথম দেশীয় সেমিকন্ডাক্টর চিপ চালু করার ঘোষণা দেন। তিনি জানান, এর মধ্যে ছয়টি সেমিকন্ডাক্টর প্ল্যান্ট নির্মাণাধীন, যা ভারতকে বিশ্বব্যাপী শীর্ষস্থানীয় জায়গায় নিয়ে যাবে। তিনি রেল সংস্কারের কথা উল্লেখ করে বলেন, দেশের প্রথম বুলেট ট্রেন ২০২৭ সালে চালু হবে, পাশাপাশি চেন্নাইতে বন্দে ভারত ট্রেনের তৃতীয় সংস্করণ তৈরি করা হচ্ছে। তিনি বিনামূল্যে ডেটাসেট এবং এআই প্রশিক্ষণ কর্মসূচি সহ ইন্ডিয়া এআই মিশনের কথাও তুলে ধরেন। শ্রী বৈষ্ণো আশা ব্যক্ত করেন, ২০৪৭ এর মধ্যে বিশ্বের শীর্ষ দুটি অর্থনীতির দেশের একটি হিসাবে নিজের অবস্থান নিশ্চিত করবে ভারত।

#######Byte-Ashwini Vaishnaw#######

************************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে জুলাই, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৪তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর অনুবাদ শোনা যাবে।

******************************

**Football :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন খেলাধুলা শারীরিক ও মানসিক বিকাশ ঘটাতে সাহায্য করে। যুব-সমাজ খেলাধুলার মাধ্যমে মাদকের অপব্যবহার থেকে বিরত থাকতে পারে। আজ মন্ত্রী সুশান্ত চৌধুরীর পিতা এবং বিশিষ্ট সাহিত্যিক প্রয়াত শ্যামল চৌধুরীর স্মৃতির উদ্দ্যেশে জিরানীয়ার শচীন্দ্র নগর কলোনি সিন্থেটিক ফুটবল ময়দানে মজলিশপুর মন্ডল যুব মোর্চা আয়োজিত ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করে একথা বলেন তিনি। উদ্বোধনী খেলায় জিরানীয়া ফুটবল ফ্যামিলি ২-০ গোলে মান্দাই এর ডনবস্কো স্কুলকে পরাজিত করে।

***************************

**Santirbazar-Cricket :**

শান্তিরবাজার মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত মহকুমা সিনিয়র লীগের প্লে-অফ পর্বের প্রথম ম্যাচে ৮৪ রানে জয়লাভ করে ফাইনালে পৌঁছে গেল মুহুরীপুর জনকল্যাণ সমিতি। আজ বাইখোড়া মাঠে আয়োজিত এই ম্যাচে বিজয়ী দল ৩২ ওভার ৫ বলে সব উইকেট হারিয়ে ২০৯ রান সংগ্রহ করে। পাল্টা খেলতে নেমে রেক্স ক্লাব ২১ ওভার ৪ বলে সব উইকেট হারিয়ে ১২৫ রান সংগ্রহ করে।

******************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় উত্তর জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৮ ডিগ্রি সেলসিয়াস।

***************************